# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


স্মারক নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১২২/১০৭০৯ তারিখঃ ২৩/১১/২০১৭খ্রিঃ

**বিষয়ঃ** জনাব মোঃ নুরুল্লাহকে দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ পদে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্রঃ
১) নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১২২/২৫৭০; তারিখঃ ২৩/০৫/২০১৭খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১২২/২৬৭৩; তারিখঃ ০৩/০৮/২০১৭খ্রিঃ
৩) নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১২২/২৭১৫; তারিখঃ ১৮/০৯/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বকেরগঞ্জ উপজেলাধীন দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসার অধ্যক্ষ জনাব মোঃ নুরুল্লাহকে গভানিং বডি কর্তৃক গত ০৭/০৪/২০১৬খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করা হয়। তার পরিপ্রেক্ষিতে জনাব মোঃ নুরুল্লাহ, অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত), গত ২৭/০৩/২০১৭খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত অবৈধ দাবী করে প্রতিকার চেয়ে অত্র বোর্ডে একখানা আবেদন এবং বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে একখানা উকিল নোটিশ প্রেরণ করেন। উক্ত আবেদন ও উকিল নোটিশে দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসার শিক্ষক জনাব মোঃ লুৎফর রহমান ও গভার্ণিং বডির বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের বিষয় উল্লেখ করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সূত্রোক্ত ১, ২ ও ৩ নং পত্রের মাধ্যমে গভার্ণিং বডির সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষকে মুখোমুখি শুনানীর জন্য সমর্থনীয় কাগজপত্রসহ বিগত ২৫/০৯/২০১৭ খ্রিঃ তারিখে সকাল ১০.০০০ ঘটিকায় উপস্থিত থাকার জন্য পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে মাদাসার অধ্যক্ষ (সাময়িক বরখাস্ত), সাবেক সভাপতি জনাব এ বি এম শাহজালাল হাওলাদার ও বর্তমান সভাপতি (স্থগিতকৃত) জনাব আমিনুল এহসান মাতুব্বর শুনানীতে উপস্থিত হন। মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষকে বোর্ড কর্তৃক একাধিকবার পত্র দেয়ার পরও তিনি শুনানীতে অংশগ্রহণ করেন নাই।

সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ নুরুল্লাহ শুনানীকালে জানান যে, তিনি অধ্যক্ষ হিসেবে যোগদানের পর মাদ্রাসার হিসাব নিকাশ ও কাগজপত্র বুঝিয়ে দেয়ার জন্য মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব লুৎফর রহমানকে অনুরোধ করলে তিনি নাখোশ হন। অধ্যক্ষ আরও জানান যে, সরকার কর্তৃক শিক্ষক নিয়োগের নতুন নিয়ম চালু করার পূর্বে শিক্ষক নিয়োগের জন্য উদ্যোগ নিতে বলেন কিন্তু বিভিন্ন কারণে তখন শিক্ষক নিয়োগ বিষয়ে কোন ব্যবস্থা না নেওয়ায় জনাব লুৎফর রহমান তাঁর উপর ক্ষুদ্ধ হন। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে ২০/০৩/২০১৬ তারিখে গভার্ণিং বডি অনুমোদন করা হয়। উক্ত কমিটি ০১/০৪/২০১৬ ইং তারিখে প্রথম সভা, ০২/০৪/২০১৬ তারিখ দ্বিতীয় সভা এবং পরবর্তীতে ০৭/০৪/২০১৬ ইং তারিখে তৃতীয় সভা দেখিয়ে তাঁকে নোটিশ ছাড়াই সাময়িক বরখাস্ত করা হয়। ০১ মাস পরে তিনি উপজেলা নির্বাহী অফিসারের অফিসে গিয়ে তার সাময়িক বরখাস্ত বিষয়ে অবগত হন এবং ০৯/০৫/২০১৬ ইং তারিখে মাদ্রাসায় গেলে তাকে হাজিরা খাতা দেওয়া হয়নি। পরবর্তীতে তিনি মাদ্রাসায় নিয়মিত পাঠদান কার্যে অংশগ্রহণ করলেও তাকে বেতন দেওয়া হয়নি। বর্তমানে উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতায় তিনি খোরাকি ভাতা পাচ্ছেন।

শুনানীকালে মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতি ০৭/০৪/২০১৬ তারিখের সাময়িক বরখাস্ত সংক্রান্ত একখানা রেজুলেশন দাখিল করেন। কিন্তু কখন সভা আহবান করা হয় বা উক্ত সভার আলোচ্যসূচি উল্লেখ পূর্বক নোটিশ জারি হয়েছিল কিনা সে বিষয়ে জানতে চাওয়া হলে সভাপতি কোন সদোত্তর বা প্রমাণ দেখাতে পারেননি। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত নথি পর্যালোনায় দেখা যায়, সভাপতি কর্তৃক ০৯/০৪/২০১৬ খ্রিঃ তারিখের সাময়িক বরখাস্ত সংক্রান্ত পত্র বোর্ডের আরএন্ডআই শাখায় ডাইরী নং-৭৩৩ তারিখঃ ১৯/০৫/২০১৬ খ্রিঃ দাখিল করা হয়েছে। কিন্তু ০৯/০৪/২০১৬খ্রিঃ তারিখের সাময়িক বরখাস্ত সংক্রান্ত পত্রটি কেন ১৯/০৫/২০১৬খ্রিঃ তারিখে বোর্ডে দাখিল করা হয়েছে সে বিষয়েও সভাপতি কোন সন্তোষজনক জবাব প্রদান করতে পারেননি। তাছাড়া সাময়িক বরখাস্তের পরবর্তী কার্যক্রম বিষয়েও বোর্ডকে অবহিত করা হয়নি। শুনানীকালে উপস্থিত মাদ্রাসার প্রভাষক জনাব লুৎফর রহমান হাওলাদার এ বিষয়ে কোন সন্তোষজনক জবাব বা ব্যাখ্যা প্রদান করেন নাই।

সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, মাদ্রাসার অধ্যক্ষকে বিধি মোতাবেক সাময়িক বরখাস্ত করা হয়নি। মাদ্রাসাটিতে কমিটি ও নিয়োগ সংক্রান্ত বিষয়ে মারাত্মক বিরোধ ও কোন্দল রয়েছে লক্ষ্য করা যায়, ধারাবাহিকতায় বিধি বহির্ভূতভাবে মাদ্রাসার অধ্যক্ষকে পরবর্তীতে পূর্বের তারিখ দিয়ে সাময়িকভাবে বরখাস্ত দেখানো হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক নং-৫৭.০০.০০০০.০০০.০৪.০০১.১৭.৬; তারিখঃ ১৫ অক্টোবর ২০১৭৪ স্মারক পত্রে উল্লেখ রয়েছে যে, "মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৩৬৫৭/২০১৫ এর রায়ের মর্মানুযায়ী বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষককে ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত না রাখাসহ ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত করা হলে তিনি বেতন ও অন্যান্য ভাতাসমূহ প্রাপ্ত হবেন।"

বর্ণিত অবস্থায়-

ক) অধ্যক্ষের সাময়িক বরখাস্ত বিধি বহির্ভূত হওয়ায় জনাব মোঃ নুরুল্লাহ অত্র মাদ্রাসার অধ্যক্ষ হিসেবে কর্মরত আছেন মর্মে গণ্য হবেন।

খ) মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৩৬৫৭/২০১৫ এর রায় এবং শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক নং-৫৭.০০.০০০০.০০০.০৪.০০১.১৭.৬; তারিখঃ ১৫ অক্টোবর ২০১৭৪ স্মারক পত্রের নির্দেশনা অনুযায়ী অধ্যক্ষের বেতন ও অন্যান্য সুবিধাদি প্রদানের জন্য অনুরোধ করা হলে।

গ) ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাওলানা আবদুল মালেককে বোর্ডের শুনানীতে উপস্থিত হওয়ার জন্য একাধিকবার পত্র প্রেরণ করা হলেও তিনি শুনানীতে উপস্থিত হন নাই বা লিখিতভাবে কোন জবাব দাখিল করেননি। ভারপ্রাপ্ত অধ্যক্ষের এরূপ আচরণ বোর্ডের আদেশ অবজ্ঞার সামিল বিধায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ মাওলানা আবদুল মালেক এর বিরুদ্ধে তাঁর এমপিও বন্ধের সুপারিশসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা কেন নেওয়া হবে না সে বিষয়ে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে বোর্ডের নিকট লিখিত ব্যাখ্যা দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২৩.১১.১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ
১. সভাপতি/সদস্যবৃন্দ, গভার্ণিং বডি, দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসা, পোঃ মাতুব্বর হাট, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।
২. জনাব মোঃ নুরুল্লাহ , অধ্যক্ষ, দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসা, পোঃ মাতুব্বর হাট, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।
৩. মাওলানা আবদুল মালেক, ভারপ্রাপ্ত অধ্যক্ষ, দক্ষিণ কাজলাকাঠী মোহসেনিয়া আলিম মাদরাসা, পোঃ মাতুব্বর হাট, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।

স্মারক নং-বামাশিবো/প্রশা/বরিশাল-১২২/১০৭০৯(৬) তারিখঃ ২৩/১১/২০১৭খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ**

১। জেলা প্রশাসক, বরিশাল।
২। জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল।
৫। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪